অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/12/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ফার্মার্স মার্কেটে SNAP প্রাপকদের ক্রয়ক্ষমতা দ্বিগুণ করার জন্য নতুন উদ্যোগ ঘোষণা করলেন

ফ্রেশকানেক্ট ফ্রেশ2ইউ উদ্যোগ এখন সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচির অংশ হিসেবে প্রতি 5 মার্কিন ডলার ব্যয়ে 2 মার্কিন ডলার থেকে বৃদ্ধি পেয়ে প্রতি 2 মার্কিন ডলার ব্যয়ের জন্য 2 মার্কিন ডলার চেক প্রদান করে

অভাবী পরিবারকে আরো বেশি স্বাস্থ্যকর খাবার কিনতে দিবে যার মধ্যে থাকবে কৃষি পণ্য, দুগ্ধজাত পণ্য, এবং মাংস, যা SNAP ভাতায় সাম্প্রতিক হ্রাস এবং মূল্যস্ফীতির ব্যয় পূরণে সাহায্য করবে এবং নিউ ইয়র্কের খামারিদের জন্য মুনাফা বৃদ্ধি করবে

নিউ ইয়র্কের কৃষি ও স্থানীয় খাবারের উৎস বলীয়ান করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতির উপর ভিত্তি করে এটি হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজকে একটি নতুন উদ্যোগ ঘোষণা করেছেন যা নিউ ইয়র্ক স্টেটজুড়ে ফার্মার্স মার্কেটে সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচির (Supplemental Nutrition Assistance Program, SNAP) প্রাপকদের ক্রয়ক্ষমতা দ্বিগুণ করবে। ফ্রেশকানেক্ট ফ্রেশ2ইউ (FreshConnect Fresh2You) কর্মসূচিটি এখন যোগ্য নিউ ইয়র্কবাসীদেরকে এক মার্কিন ডলারের জন্য এক মার্কিন ডলার প্রদান করবে, যা অভাবী পরিবারগুলিকে আরো স্বাস্থ্যকর খাদ্য কিনতে দিবে, যার মধ্যে রয়েছে কৃষিপণ্য, দুগ্ধজাত পণ্য, এবং মাংস। নতুন উদ্যোগটি মহামারী ত্রাণের অংশ হিসেবে পাওয়া SNAP ভাতার সাম্প্রতিক হ্রাসের ব্যয় পূরণ এবং সেই সাথে রেকর্ড মুদ্রাস্ফীতির ব্যয় করতে সাহায্য করবে, নিউ ইয়র্কের খামারিদের জন্য বর্ধিত মুনাফা প্রদান করবে, এবং স্থানীয় খাদ্যের উৎসকে বলীয়ান করে খাদ্য অনিরাপত্তা নির্মূল করবে, এগুলি গভর্নরের নির্বাহী বাজেট (Executive Budget) প্রস্তাবনা এবং তার স্টেট অফ দ্য স্টেট (State of the State) ভাষণে প্রদত্ত রূপরেখা অনুযায়ী লক্ষ্যসমূহের মধ্যে রয়েছে।

"স্থানীয় খামারি এবং তারা যেই সম্প্রদায়ের খাদ্য উৎপাদন করে তাদের মধ্যে দৃঢ়, পারস্পরিক লাভজনক সম্পর্ক তৈরির জন্য নিউ ইয়র্ক উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করেছে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কবাসীদের কাছে যাতে দুগ্ধজাত পণ্য, মাংস, ও কৃষিজাত পণ্যের মতো স্বাস্থ্যকর খাবারে ব্যয় করার জন্য আরো অর্থ থাকে তা নিশ্চিত করতে এবং একইসাথে বৃহত্তর

স্বাস্থ্য ফলাফল, নিউ ইয়র্কের খামারিগণের জন্য অর্থনৈতিক প্রবৃদ্ধি ও একটি আরো বলীয়ান খাদ্য সরবরাহ চেইন গঠন করতে সাহায্য করবে।"

ফ্রেশকানেক্ট ফ্রেশ2ইউ উদ্যোগটি এখন SNAP এর অংশ অংশ হিসেবে SNAP অধিকারীদেরকে অংশগ্রহণকারী ফার্মার্স মার্কেটে প্রতি 5 মার্কিন ডলার ব্যয়ে 2 মার্কিন ডলার থেকে বৃদ্ধি পেয়ে প্রতি 2 মার্কিন ডলার ব্যয়ের জন্য 2 মার্কিন ডলার চেক প্রদান করবে। নতুন উদ্যোগটি দীর্ঘদিন ধরে চলে আসা ফ্রেশকানেক্ট চেকস কর্মসূচির (FreshConnect Checks Program) একটি অংশ, যা নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও বাজার বিভাগ (NYS Department of Agriculture and Markets) পরিচালনা করে। এটি সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে তাজা খাবার পাওয়ার সুযোগ সম্প্রসারিত করে যার ফলে সেই সব সম্প্রদায়ের ব্যক্তিদের খাদ্যাভ্যাস উন্নত হয় এবং স্থানীয় খামারিদের সমর্থন করার মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি হয়। ফল ও সবজি ক্রয়ের পাশাপাশি দুগ্ধজাত পণ্য, মাংস ও আরো অন্যান্য জিনিসের ক্রয় করতে দিয়ে, ফ্রেশকানেক্ট কর্মসূচিটি নিউ ইয়র্ক স্টেটের আরো বেশি খামারিদের সমর্থন করে।

নিউ ইয়র্ক স্টেটের যেকোনো ফার্মার্স মার্কেট, ফার্ম স্ট্যান্ড বা মোবাইল মার্কেটে যেকোনো SNAP এর জন্য উপযুক্ত পণ্য বিক্রয়কারী সকল খামারি বা বিক্রেতা ফ্রেশকানেক্ট চেক গ্রহণ করতে পারবে এবং এখন ফ্রেশ2ইউ উদ্যোগের অংশ হতে পারবে। চেক ব্যবহার করে দুগ্ধজাত পণ্য, মাংস, মাছ, ডিম এবং আরো পণ্য ক্রয় করা যাবে।

15 এপ্রিল থেকে ফ্রেশকানেক্ট ফ্রেশ2ইউ উদ্যোগটি শুরু হবে এবং ভোক্তাদের জন্য উপলভ্য হবে। মার্কেটের পরিচালনাকারীরা এছাড়াও নতুন উদ্যোগটির জন্য নতুন মার্কেটিংয়ের জিনিস এবং প্রশিক্ষণ পাবে।

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "আমরা নতুন এই ম্যাচ কর্মসূচিটি শুরু করতে পেরে আনন্দিত কারণ আমরা জানি নিউ ইয়র্কের ভোক্তা ও খামারি সকলের জন্য এটি কতটা গুরুত্বপূর্ণ হবে। এটি পুষ্টিকর স্বাস্থ্যকর খাবার পাওয়ার সুযোগ বৃদ্ধি করবে যা আমাদের খামারি এবং উৎপাদকদের জন্যও সরাসরি সুবিধা নিয়ে আসবে। এটি সম্ভব করার জন্য এবং নিউ ইয়র্কের কৃষি ও স্থানীয় খাদ্য ব্যবস্থাকে বলীয়ান করার জন্য তার প্রতিশ্রুতির জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাচ্ছি।"

অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের (Office of Temporary and Disability Assistance) কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েটয বলেন, "ফ্রেশকানেক্ট কর্মসূচিটি নিউ ইয়র্কবাসীরা যাতে তাদের SNAP ভাতা ব্যবহার করে সহজে তাজা, স্থানীয়ভাবে উৎপাদিত খাদ্য ক্রয় করতে পারে সে সুযোগ করে দিতে নতুন ও উদ্ভাবনী উপায় বের করা অব্যাহত রাখছে যাতে করে। এটি SNAP প্রাপকদের ক্রয়ক্ষমতা বৃদ্ধি করবে এবং একইসাথে পুরো স্টেটের স্থানীয় খামারি এবং ফার্মার্স মার্কেটগুলির জন্য লাভজনক হবে।"

SNAP ভোক্তাদের পাশাপাশি, ভেটেরান, সেনা সদস্য ও তাদের প্রত্যক্ষ পরিবারের জন্যও ফ্রেশকানেক্ট চেক কর্মসূচিটি উপলভ্য থাকবে যাতে তারা নিউ ইয়র্ক স্টেটের ফার্মার্স মার্কেট, ফার্ম স্ট্যান্ড এবং মোবাইল মার্কেটে ভাতাসমূহ ব্যবহার করতে পারে। ভেটেরানগণ এই বছর নিউ

ইয়র্ক স্টেট ভেটেরানদের পরিষেবা বিভাগের (New York State Department of Veterans' Services) অফিসসমূহ থেকে 50 মার্কিন ডলার ফ্রেশকানেক্ট কুপন পাবে।

নিউ ইয়র্ক স্টেটের ভেটেরানদের পরিষেবা বিভাগের কমিশনার ভিভিয়ান ডেকোহেন বলেন, "ফ্রেশকানেক্ট ফ্রেশ2ইউ উদ্যোগের এক মার্কিন ডলারের জন্য এক মার্কিন ডলার প্রদানের ফলে আমরা যাদের জন্য কাজ করি তাদেরকে জীবন রক্ষাকারী ভাতা প্রদান করা সম্ভব হয়। এই কর্মসূচিটি যাদের সবথেকে বেশি প্রয়োজন তাদের জন্য স্বাস্থ্যকর, তাজা কৃষিপণ্যের উপলভ্যতা ও পাওয়ার সুযোগ বৃদ্ধি করে দিবে। সকল নিউ ইয়র্কবাসীর কাছে যাতে সম্পূর্ণ ও পুষ্টিকর খাদ্য পাওয়ার সুযোগ থেকে তা নিশ্চিত করতে আমাদেরকে সাহায্য করার জন্য ফ্রেশকানেক্ট ফ্রেশ2ইউ উদ্যোগটি একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার।"

নিউ ইয়র্ক ফার্মার্স মার্কেট ফেডারেশনের (Farmers' Market Federation of New York) নির্বাহী পরিচালক ডায়ান এগার্ট বলেন, "যেসব ভোক্তা SNAP কর্মসূচির হ্রাসের কারণে নিজেদের কিছু SNAP ভাতা হারিয়েছেন, ফ্রেশকানেক্ট ফ্রেশ2ইউ উদ্যোগটি তাদেরকে অনেক সহায়তা করবে। এটি তাদের ক্রয়ক্ষমতাকে ব্যাপকভাবে বৃদ্ধি করে এবং তাদেরকে পুরো স্টেটের বিভিন্ন ফার্মার্স মার্কেটের বহু খামারিদের কাছ থেকেই সরাসরি কেনাকাটা করতে উৎসাহিত করে। SNAP ভাতাযুক্ত ব্যক্তিদের স্থানীয় খাদ্যে সমৃদ্ধ আরো স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস করতে সহায়তা করা এবং সেই সাথে স্থানীয় খামারিদের উৎপন্ন করা খাদ্যের বিক্রি বৃদ্ধি মাধ্যমে স্থানীয় কৃষিকে টিকে থাকতে সাহায্য করার মাধ্যমে কর্মসূচিটি দ্বিগুণ লাভের ব্যবস্থা করে। স্থানীয় খাদ্য এবং স্টেটের খামারিদের সমর্থন করার জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতির জন্য আমরা কৃতজ্ঞ।"

রচেস্টারের মেয়র মালিক ডি. ইভান্স বলেন, "রচেস্টার সিটি পাবলিক মার্কেটের (City of Rochester Public Market) দীর্ঘদিনের ঐতিহ্য হলো শহুরে অবস্থানে, যেখানে এধরনের কম বিকল্প রয়েছে, সেখানে একটি তাজা, স্বাস্থ্যকর ও সাশ্রয়ী খাদ্যের কেন্দ্র হয়ে থাকা। ফ্রেশকানেক্ট সম্পূরক আমাদের আরো বেশি নাগরিককে স্বাস্থ্যকর, স্থানীয় খাদ্য পেতে সাহায্য করবে এবং ইতিমধ্যেই মার্কেটে যেই 1 মিলিয়ন মার্কিন ডলার SNAP ভাতা ব্যবহৃত হচ্ছে তাকে আরো বৃদ্ধি করবে। এই কর্মসূচিটি স্থাপন করার জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাতে চাই, এছাড়াও এটি স্থানীয় খামারি এবং মার্কেটের অন্যান্য বিক্রেতাদের জন্য অতিরিক্ত আয়ের একটি অত্যাবশ্যকীয় উৎস হিসেবেও কাজ করবে।"

নিউ ইয়র্ক স্টেটের ফার্মার্স মার্কেটসমূহ সম্পর্কে
ফার্মার্স মার্কেট স্থানীয়ভাবে উৎপাদিত খাবারের অ্যাক্সেস উন্নত করা এবং এসব খাবার গ্রহণে উৎসাহিত করা এবং সরাসরি কৃষকের সঙ্গে ভোক্তার লেনদেন সম্পন্ন করতে সহায়তা করার মাধ্যমে নিউ ইয়র্কের স্থানীয় খাবারের সাপ্লাই চেইনের একটি অপরিহার্য শূন্যস্থান পূরণ করছে। ফার্মার্স মার্কেট, ফার্মের স্ট্যান্ডসমূহ এবং মোবাইল মার্কেট হলো একটি স্বাস্থ্য খাদ্য ব্যবস্থার অতি গুরুত্বপূর্ণ উপাদান। আজকে, নিউ ইয়র্কে 400টির বেশি ফার্মার্স মার্কেট, 250টি ফার্ম স্ট্যান্ড এবং 10টি মোবাইল মার্কেট রয়েছে। খামারে উৎপন্ন বিভিন্ন ধরনের তাজা, সাশ্রয়ী এবং সুবিধাজনক পণ্য সরাসরি পাওয়ার যে ভোক্তা চাহিদা বৃদ্ধি পাচ্ছে তা পূরণ করার জন্য কৃষি উৎপাদকদের এটি একটি প্ল্যাটফর্ম প্রদান করে। কৃষি ও বাজার বিভাগ, স্বাস্থ্য বিভাগ (Department of Health), বয়স্কদের জন্য অফিস (Office for the Aging) এবং অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের

মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট একাধিক কর্মসূচি পরিচালনা করে যা নিম্ন আয়ের পরিবার, বয়স্ক এবং ভেটেরানদের অংশগ্রহণকারী মার্কেটগুলিতে তাজা, স্বাস্থ্যকর খাবার পাওয়ার সুযোগ করে দেয়। ডিপার্টমেন্টের ফার্মার্স মার্কেট কর্মসূচি সম্পর্কে আরো তথ্য জানতে অথবা আপনার নিকটবর্তী কোনো মার্কেট খুঁজে নিতে, ভিজিট করুন https://agriculture.ny.gov/farmersmarkets ঠিকানায়।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন